বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪১৭

**অফিস আদেশ**

"সুগন্ধা নদীর ভাঙ্গন হতে ঝালকাঠী জেলার সদর উপজেলা ও নলছিটি উপজেলার বিভিন্ন এলাকা রক্ষা" শীর্ষক চলমান প্রকল্পের ওপর পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং: ৪২.০০.০০০০.০০০.০৩৬.১৪.০০১৫.২৩.২৬৮; তারিখ: ১২-০৮-২০২৫ খ্রি. মোতাবেক অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ৫ম সভার সিদ্ধান্ত ৩ এর আলোকে ঝালকাঠি সদর উপজেলার অন্তর্গত পোনাবালিয়া ইউনিয়ানের দিয়াকুল এলাকায় ১.৭০ কি.মি. নদীতীর প্রতিরক্ষা কাজের প্রয়োজনীয়তা ও সার্বিক অবস্থা নির্ণয়ের নিমিত্ত বহিঃসদস্যসহ নিম্নের সদস্যগণের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্র. নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ সুমন মিয়া, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝালকাঠি। | সদস্য |
| ৪। | জনাব মোহাম্মাদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | সিইজিআইএস (CEGIS), ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৬। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর),বরিশাল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, বরিশাল। | সদস্য-সচিব |

**<u>কমিটির কার্যপরিধি</u> :**

ক) কমিটির সদস্যগণ চলমান প্রকল্পের আওতায় প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্র প্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরূপণ তথা উদ্যোগ গ্রহণ করবেন;

খ) কমিটির সদস্যগণ ঝালকাঠি সদর উপজেলার অন্তর্গত পোনাবালিয়া ইউনিয়ানের দিয়াকুল এলাকায় ১.৭০ কি.মি. নদীতীর প্রতিরক্ষা কাজের প্রয়োজনীয়তা ও সার্বিক অবস্থা যাচাইপূর্বক কারিগরি কমিটি উল্লেখ্য স্থানের নদীতীর প্রতিরক্ষা কাজের প্রয়োজনীয়তা নিরূপণ করে "সুগন্ধা নদীর ভাঙ্গন হতে ঝালকাঠী জেলার সদর উপজেলা ও নলছিটি উপজেলার বিভিন্ন এলাকা রক্ষা" শীর্ষক চলমান প্রকল্পে অন্তর্ভূক্ত করার বিষয়ে মতামত ও সুপারিশসহ প্রস্তাবনা প্রদান করবেন;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী সমীক্ষা/প্রতিবেদন পর্যালোচনা, চলমান প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব রয়েছে কিনা তা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম এবং কাজটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা, সে বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষণে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঘ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং

সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করবেন;

ঙ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন করবেন এবং ব্যয় প্রাক্কলন ও অনুমোদিত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত ফরম্যাটে কারিগরি প্রতিবেদন ৩ (তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। এছাড়াও, **স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ সুমন মিয়া, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোহাম্মদ আলী রুবেল, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা।
৪। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা (একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।
৫। নির্বাহী প্রকৌশলী, ঝালকাঠি পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ঝালকাঠি।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), বরিশাল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, বরিশাল।

২০-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চ. দা.)
০২২২২২৩০০৪০
adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৪১৭/১ (৯) তারিখ: ৫ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, ডিজাইন এন্ড রিসার্স, বাপাউবো, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), বরিশাল, বাপাউবো, বরিশাল।
৪। সিস্টেম টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও

ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কারিগরি কমিটি।

৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

৯। দপ্তর কপি।

২০-০৮-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চ. দা.)